



বাংলাদেশ কৃষি ব্যাংক



প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ।

ফোন : ০২২২৩৩-৫৮৬৮১, ০২২২৩৩-৮৮৯৮৯; E-mail: dgmsme@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৫)/২০২১-২০২২/১১৭২(১২০০)

তারিখঃ ০৬/০১/২০২২

মহাব্যবস্থাপক

সকল বিভাগীয় কার্যালয়

ও

স্থানীয় মুখ্য কার্যালয়

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ২০২১-২০২২ অর্থবছরে এসএমই ঋণ কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণের বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। চলতি ২০২১-২০২২ অর্থ বছরে বাংলাদেশ কৃষি ব্যাংকের সর্বমোট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১৫৫৭৫.০০ কোটি টাকা। তন্মধ্যে এসএমই খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৪০০০.০০ কোটি টাকা বিভাগওয়ারী বন্টনপূর্বক অত্র বিভাগ কর্তৃক পত্র নং ৭(৮)/ ২০২১-২০২২/১১৭২(১২৫০), তারিখ ১৯/০৮/২০২১ মূলে জারীপূর্বক তা অর্জনের বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে। এসএমই খাত অর্থনৈতিক উন্নয়নের অন্যতম চালিকা শক্তি বিধায় এ খাতে ঋণ বিতরণের উপর সরকার ও বাংলাদেশ ব্যাংকের নির্দেশক্রমে অত্র ব্যাংক কর্তৃক বিশেষ গুরুত্ব প্রদান করা হচ্ছে। বর্তমান ২০২১-২০২২ অর্থবছর শুরু হয়ে ইতিমধ্যেই ০৬ (ছয়) মাসেরও বেশী সময় অতিক্রান্ত হলেও এ খাতে অধিকাংশ বিভাগীয় কার্যালয়ের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। ৩০/১২/২০২১ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণ পরিস্থিতি নিম্নরূপঃ (কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগের নাম	ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জনের শতকরা হার (%)	মন্তব্য
১	ঢাকা	৮৪০.০০	২৭৫.৮৩	৩৩%	সন্তোষজনক নয়
২	ময়মনসিংহ	৪৬০.০০	১৫৮.৩২	৩৪%	সন্তোষজনক নয়
৩	চট্টগ্রাম	৩৬০.০০	১৩১.৭১	৩৭%	সন্তোষজনক নয়
৪	খুলনা	৩৬০.০০	১০৬.২৮	৩০%	সন্তোষজনক নয়
৫	বরিশাল	১২৫.০০	৭০.০৭	৫৬%	সন্তোষজনক
৬	সিলেট	৩০৫.০০	৮৮.৫২	২৯%	সন্তোষজনক নয়
৭	কুমিল্লা	৫৩৫.০০	১৮৬.৮	৩৫%	সন্তোষজনক নয়
৮	ফরিদপুর	৩৫০.০০	১১৯.১৬	৩৪%	সন্তোষজনক নয়
৯	কুষ্টিয়া	৩৮৫.০০	১৭২.৯৮	৪৫%	সন্তোষজনক নয়
১০	এলাপিও	২৮০.০০	৮৪.৬৬	৩০%	সন্তোষজনক নয়
মোটঃ		৪০০০.০০	১৩৯৪.৩৩	৩৫%	সন্তোষজনক নয়

উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায়, বরিশাল ব্যতীত অন্য কোন বিভাগই বার্ষিক এসএমই ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। বরিশাল ব্যতীত অন্য সকল বিভাগের এসএমই ঋণ বিতরণের অবস্থা সন্তোষজনক নয়।

০৩। এসএমই ঋণ বিতরণ, আদায় ও শ্রেণীকৃত ঋণ হ্রাসকরনে সময়ে সময়ে একাধিক পত্র জারী করা হলেও ঋণ বিতরণ পরিস্থিতি কাজিত মাত্রায় উন্নীত হচ্ছে না। একারণে মাঠ কার্যালয় সমূহের ব্যবসায়িক ক্ষমতা সর্বোচ্চ সদ্ব্যবহার করে যথানিয়মে ও দ্রুততম সময়ে এসএমই খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি করতে হবে। এ বিষয়ে বিভাগীয় কার্যালয় ও মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় কর্তৃক মাসিক ভিত্তিতে মনিটরিং করতে হবে এবং এ খাতে লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে দিক নির্দেশনা প্রদান করতে হবে। ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের লক্ষ্যে নিম্নোক্ত বিষয়াদি পরিপালনে গুরুত্ব আরোপ করতে হবেঃ

- বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক ব্যাংকের সামগ্রিক ঋণ পোর্টফলিওতে এসএমই খাতে ঋণ বিতরণ এবং ঋণ স্থিতির পরিমাণ ক্রমান্বয়ে ২৫% এ উন্নীত করার প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। প্রত্যেক শাখাকে এ খাতে ঋণ বিতরণের মাধ্যমে ঋণের প্রবাহ বৃদ্ধি করতে হবে;
- আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ শাখা সমূহের জন্য আলাদা কর্মকৌশল প্রণয়নপূর্বক সাপ্তাহিক ভিত্তিতে মনিটরিংসহ প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করতে হবে;
- এসএমই খাতে প্রাপ্ত নতুন/নবায়নযোগ্য ঋণ প্রস্তাবসমূহ দ্রুত মঞ্জুরি/নবায়ন করে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৮

১৮

বিষয়ঃ ২০২১-২০২২ অর্থবছরে এসএমই ঋণ কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণের বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রসঙ্গে।

- (ঘ) এসএমই ঋণ পোর্টফলিওর খাতভিত্তিক কাক্ষিত গঠন হবে ম্যানুফ্যাকচারিং অনূন ৪০%, সেবা অনূন ২৫%, এবং ব্যবসা সর্বোচ্চ ৩৫%। উক্ত খাত ভিত্তিক অনুপাত অনুসরণপূর্বক ঋণ বিতরণ করতে হবে;
- (ঙ) নারী উদ্যোক্তাদের ঋণ আবেদনপত্র সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ ও নিষ্পত্তি করতে হবে;
- (চ) সিএমএসএমই খাতকে আরো এগিয়ে নিতে নতুন ও নারী উদ্যোক্তাদের মাঝে অধিক পরিমাণ ঋণ বিতরণের লক্ষ্যে প্রত্যেক শাখার আওতাধীন এলাকায় সম্ভাব্য এসএমই উদ্যোক্তা খুঁজে বের করতে হবে এবং তাদের তালিকা প্রণয়ন পূর্বক যোগ্য উদ্যোক্তাদেরকে এসএমই ঋণের আওতায় আনতে হবে। অঞ্চল প্রধানগন শাখা পরিদর্শনকালে বিষয়টি নিয়মিতভাবে মনিটরিং করে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন;
- (ছ) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক যে সকল শাখাসমূহের নির্দিষ্ট এলাকায় একাধিক উৎপাদক প্রতিষ্ঠান একইরূপ পণ্য বা সেবা উৎপাদন করে তাদেরকে চিহ্নিত করে ক্লাস্টারভিত্তিক অর্থায়নের আওতায় আনতে হবে;
- (জ) সিএমএসএমই খাতে ঋণের স্বাভাবিক প্রবাহ বজায় রাখতে হলে এ খাতে বিতরনকৃত ঋণের পাশাপাশি আদায়ের উপরও সমান গুরুত্ব দিতে হবে। তাই নিয়মিত মনিটরিং করতঃ এ খাতে বিতরনকৃত ঋণ যাতে কোন অবস্থাতে বিরূপ মানে শ্রেণীকৃত না হয়ে পড়ে সে দিকে বিশেষ নজর দিতে হবে;
- (ঝ) চলতি অর্থবছরে এসএমই খাতে প্রদত্ত লক্ষ্যমাত্রা শাখা কর্তৃক অর্জনের অগ্রগতি বিভাগীয়, মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় কর্তৃক সাপ্তাহিক/ মাসিক ভিত্তিতে মনিটরিং করতে হবে এবং এ খাতে লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে দিক নির্দেশনা প্রদান করতে হবে;
- (ঞ) বছর শেষে কোন শাখারই এসএমই খাতে ঋণ বিতরণের অর্জন যাতে শূন্য না থাকে সে বিষয়ে কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপককে পরামর্শ প্রদান করতে হবে।

০৪। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এসএমই ঋণ নীতিমালা (পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং ২৬/২০১০, তারিখ ৩১/১১/২০১০), বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সিএমএসএমই সংক্রান্ত মাস্টার সার্কুলার (এসএমইএসপিডি সার্কুলার নং ২, তারিখ ০৫/০৯/২০১৯) অনুসরণ পূর্বক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা আগামী ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে ১০০% অর্জনের কার্যকর ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,



(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-০৪(এসএমই)-৭(৫)/২০২০-২০২১/ ০২৭২(২২৫০)

তারিখঃ ০৬/০১/২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

০১. চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২. ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩. ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪. উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৫. উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (পত্রখানি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৬. উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮. সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯. নথি/ মহানথি।


০৬/০১/২০২২
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক